মেহেরপুর ও গাংনীতে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন

“তামাক কোম্পানির কুটচাল রুখে দাও, তামাক ও নিকোটিন থেকে তরুনদের বাচাঁও” প্রতিপাদ্যে ৩১ মে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন করেছে মেহেরপুর জেলা ও গাংনী উপজেলা টাস্কফোর্স কমিটি। এ দিবস পালনের লক্ষে রবিবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে স্বাস্থ্য বিধি মেনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা ধূমপান ও তামাকজাত দ্রব্য (ব্যবহার) নিয়ন্ত্রণ আইন বাস্তবায়ন টাস্কফোর্স কমিটির আয়োজনে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন করা হয়েছে। সিভিল সার্জন নাসির উদ্দীনের সভাপতিত্বে আলোচনায় অংশনেন নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম, কার্ডিওলজিস্ট কনসালটেন্ট আব্দুর রশিদ, এমওডিসি ডাঃ খ,ম, ফয়সাল হারুন, এছাড়াও তামাক নিয়ন্ত্রণে কার্যরত সংগঠন এইড ফউন্ডেশনের প্রোগ্রাম অফিসার তৌহিদ উদ দৌলা, সুবাহ’র নির্বাহী পরিচালক মঈনুল আলম বুলবুল। আলোচনায় বক্তারা বলেন, তামাক কোম্পানিগুলো খুব কৌশলে এই করোনভাইরাস চলাকালেও তামাক ক্রয় ও তামাক পণ্য বাজারজাত করনে সক্রিয় রেখেছে। মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন রয়েছে ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মুল হবে সেই লক্ষে কাজ করছে সরকার। তামাক চাষও নিয়ন্ত্রণ করতে হবে।

এদিকে এ দিবস পালনের লক্ষে রবিবার সকাল সাড়ে দশটায় গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা টাস্কফোর্স কমিটির সভাপতি ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার ইয়ানুর রহমানের সভাপতিত্বে ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পরিচালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়মীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

এছাড়াও মুজিবনগরেও বিশ্ব তামাকমুক্ত দিবস পালনে উপজেলা নির্বাহী অফিসার ওসমান গনির কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

টাকা না দিলে বাড়ি থেকে যাবো না – মেহেরপুরে কিস্তি আদায়ে দিশা এনজিও

৩০ জুন পর্যন্ত সকল এনজিওকে কিস্তি আদায় না করতে বলা হলেও সরকারি নিষেধ অমান্য করে টাকা আদায় করতে এসে না দিলে বাড়ি থেকে না যাওয়ার হুমকি দিয়েছে দিশা সেচ্ছাসেবি আর্থসামাজিক ও মানবিক কল্যান সংস্থার এরিয়া ম্যানেজার মনিরুল হক। সেই সাথে যে কোন কিছুর বিনিময়ে কিস্তির টাকা দিতে হবে বলে চাপ দেয় গ্রাহকদের।

রবিবার সকালে মেহেরপুর শহরের নতুনপাড়ায় এ ঘটনা ঘটে। ভুক্তভোগী কয়েকজন গ্রাহক জানান, সকালে দিশা এনজিও থেকে হঠাৎ করেই আমাদের বাড়িতে এসে কিস্তির টাকার জন্য চাপ দেয়। টাকা না থাকায় আমরা বলি কয়েকদিন পরে কিস্তির টাকা দেবো। কিন্তু এরিয়া ম্যানেজার তা না শুনে আমাদের বলে টাকা না দিলে বাড়ি থেকে যাবো না।
পরে দিশা সেচ্ছাসেবি আর্থসামাজিক ও মানবিক কল্যান সংস্থার আঞ্চলিক ম্যানেজার তৌহিদুল আলম ঘটনাস্থলে এসে সেও টাকার জন্য চাপ দেয়।

এ বিষয়ে তৌহিদুল আলমের কাছে জানতে চাইলে তিনি জানান, যেহেতু আজ থেকে সাধারণ ছুটি প্রত্যাহার করা হয়েছে তাই আমরা সীমিত আকারে কিস্তি আদায় শুরু করেছি। আমরা কাউকে চাপ দিচ্ছি না।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পুলিশ কনস্টেবলের

হাতে সাংবাদিক লাঞ্চিত

মেহেরপুরে পুলিশ কনস্টেবল জুয়েল রানার হাতে লাঞ্চিত হয়েছে দৈনিক আমার সংবাদ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি মিজানুর রহমান। রবিবার সকালের দিকে মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসের সামনে সাংবাদিক মিজানুর রহমানের ব্যবহৃত মোবাইল ফোনটি আছাড় মেরে ভেঙে ফেলে পুলিশ কনস্টেবল জুয়েল রানা। সেই সাথে তার সাথে অকথ্য ভাষায় গালিগালাজ করে।

সাংবাদিক মিজানুর রহমান জানান, আমার ভাগ্নি সাথী খাতুনের সাথে মেহেরপুর জেলা পুলিশে কর্মরত কনস্টেবল জুয়েল রানার সাথে প্রেমের সম্পর্ক ও বিয়ে নিয়ে প্রতারনার অভিযোগ ওঠে। এসব বিষয়ে কনস্টেবল জুয়েলের সাথে কথা বলার জন্য মেহেরপুর অঞ্চলিক পাসপোর্ট অফিসের সামনে আমি যায়। সেখানে তার সাথে কথা বলার এক পর্যায়ে আমার সার্টের পকেটে থাকা আমার মোবাইল ফোনটি নিয়ে রাস্তায় ছুড়ে ফেলে দেয়। সেই সাথে আমাকে অকথ্য ভাষায় গালাগাল করতে থাকে।

এ বিষয়ে সহকারী পুলিশ সুপার হাসিবুল আলম বলেন, সাংবাদিকের সাথে যে ঘটনা ঘটেছে এটা দুখ:জনক। আমরা অভিযুক্ত পুলিশ কনস্টেবলের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেবো। সেই সাথে সাংবাদিকের যে ক্ষতি হয়েছে সেটা পূরনের ব্যবস্থা করবো।

মেপ্র/এমএফআর

গাংনীর চার এতিম শিশু পেলো পাকা বাড়ি

মেহেরপুর গাংনী উপজেলার কসবা গ্রামের চার এতিম শিশু আশিক,মুস্তাকিন,রিয়াজ ও কুলসুম। দুধ খাওয়া শেষ না হতেই দুরারোগ্য ব্যাধী ক্যান্সারে মা মারা যায়। বাবা অন্য মেয়েকে বিয়ে করে আলাদা সংসারে মন দিয়েছে। খোঁজ খবর নেয়না ছেলে মেয়েদের। দিনমজুর দাদা লালন ও দাদি সালমা চাঁর জনকে লালন পালন করছেন। চার

জনের মধ্যে বড় আশিক।

বয়স ১০ বছর। দাদার অভাবের সংসারে কিশোর হাল ধরতে বেছে নিয়েছে চায়ের দোকানদারি। চা বিক্রি করে ছোট ভাইবোনদের লেখা পড়ার দায়িত্ব নিয়েছে কিশোর আশিক। আশিকের এই জীবন সংগ্রাম নিয়ে প্রতিবেদন করেন মেহেরপুর প্রতিদিনের নিজস্ব প্রতিবেদক আকতারুজ্জামান।

প্রতিবেদনটি প্রকাশের পর নানা মহল মানবিক সহায়তার হাত বাড়িয়ে দেন কিশোর আশিকদের দিকে। মেহেরপুর প্রতিদিনে প্রতিবেদনটি প্রকাশ করায় বিভিন্ন মহল ধন্যবাদ জ্ঞাপন করেন প্রত্রিকার সম্পাদক,প্রকাশক ও প্রতিবেদককেও। টনক নড়ে স্থানীয় জন-প্রতিনিধিসহ জেলা উপজেলায় কর্মরত সরকারি কর্মকর্তাদেরও।

সদ্য বিদায়ি গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান প্রতিবেদক আকতারুজ্জামানকে সাথে নিয়ে দেখতে যান কিশোর আশিকের জীবন সংগ্রামের বাস্তবতা। মানবিক ভাবে আশিকদের জীবন সংগ্রাম ও ভেঙ্গে পড়া ঝুঁপড়ি ঘর দেখে তিনিও হয়ে ওঠেন । তাৎক্ষনিক ভাবে নিজ তহবিল থেকে নগদ অর্থ সহযোগীতা ও সরকারি অর্থে আশিকদের বাসস্থানের ব্যাবস্থার প্রতিশ্রুতি দেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। মেহেরপুর জেলা প্রশাসকের সাথে আলাপ করে স্থানীয় ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানকে নির্দেশনা দেয়া হয় ঘরনির্মাণ কাজের সকল প্রক্রিয়া শেষ করার জন্য। অবশেষে মা,বাবা হারা চার ভাই-বোনদের জন্য নির্মাণ করা হচ্ছে সরকারি অর্থে দুর্যোগ সহনীয় পাকা ঘর। ঘরের গাথুনির কাজ ইতো মধ্যেই শুরু হয়েছে।

কিশোর আশিক ও তার ভাইবোনদের খুঁশির শেষ নেই। গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের মাধ্যমে তিন লাখ টাকা ব্যায়ে দুর্যোগ সহনীয় ঘর নির্মাণ কাজ চলছে। তবে কাজের মান ভাল হচ্ছেনা বলে প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। তিন লাখ টাকায় অনেক ভাল মানের বাড়ি নির্মাণ সম্ভব বলে ধারনা এলাকাবাসির। স্থানীয়দের দেয়া তথ্যের ভিত্তিতে কাজ দেখতে গিয়ে আশিকদের আনন্দে আনন্দিত মেহেরপুর প্রতিদিন পরিবার। কথা হয় ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামানের সাথে।

তিনি বলেন, আশিকদের যে ঘর নির্মাণ হচ্ছে তাতে আমিও খুঁশি। তবে কাজটি মানসম্মত করার জন্য কাজে নিয়োজিত শ্রমিকদের বলা হয়েছে। সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, আশিকদের বিষয়টি অত্যান্ত মানবিক। আমি তাদের পাশে দাঁড়াতে পেরে আনন্দ

পেয়েছি। তবে এ কৃতিত্ব স্থানীয় পত্রিকা মেহেরপুর প্রতিদিন সহ স্থানীয় সাংবাদ কর্মীদেরও।

ঝিনাইদহ মহেশপুরে এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় ছাত্রের আত্মহত্যা

ঝিনাইদহের মহেশপুরে এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হওয়ায় খালিশপুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের এক ছাত্র গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

স্থানীয়রা জানায়, রোববার এ বছরের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হলে উপজেলার সাহাবাজপুর গ্রামের ঝন্টু মিয়ার ছেলে পিয়ারুল পরীক্ষায় অকতকার্য হওয়ায় সকলের অগোচরে মাঠে একটি গাছের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে।

মহেশপুর থানার ওসি মোর্শেদ হোসেন খাঁন জানান, খবর পেয়েছি। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। তার এই করুন মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

ঝিনাইদহে মায়ের হাতে দুই শিশু সন্তান হত্যা, লাশ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার বানিয়াকান্দর গ্রামের একটি পুকুর থেকে রোববার দুপুরে সাফিয়া খাতুন (৬) ও মাহিদ হোসেন (৫) নামে দুই শিশুর লাশ উদ্ধার করেছে পুলিশ। তাদেরকে পানিতে চুবিয়ে হত্যা করা হতে পারে বলে প্রাথমিক ভাবে মনে করছে পুলিশ।

পুলিশ নিহত দুই সন্তানের মা মনিরাকে গ্রেফতার করেছে। সাফিয়া ও মাহিদ বানিয়াকান্দর গ্রামের কৃষক নজরুল ইসলাম ও মনিরা খাতুন দম্পতির সন্তান। স্থানীয় ইউপি মেম্বর সুজন গনমাধ্যমকে জানান, রোববার সকালে সাফিয়া ও মাহিদকে নিয়ে গোসল করতে যায় তার মা মনিরা খাতুন (৪০)।

বাড়ি ফিরে মনিরা প্রতিবেশি রাবেয়া খাতুন নামে এক মহিলাকে জানায় তার দুই সন্তানকে সে পুকুরে রেখে এসেছে। মনিরার অসংলগ্ন কথাবর্তার পর রাবেয়া খাতুনসহ লোকজন পুকুরে কাদায় পুতে রাখা অবস্থায় দুই ভাই বোনের মৃতদের উদ্ধার করে। গ্রামবাসির অভিযোগ মনিরা খাতুনের মানসিক সমস্যার পাশাপাশি সে বদরাগি মহিলা হিসেবে মহল্লায় পরিচিত। দুই বছর আগে সে তার এক সন্তানকে বিক্রি করে দেয় বলে অভিযোগ করেন সুজন মেম্বর।

এ ব্যাপারে ঘটনাস্থলে উপস্থিত ঝিনাইদহ সদর থানার এসআই সাখওয়াত হোসেন জানান, পুকুর থেকে দুই শিশুর লাশ উদ্ধার করা হয়েছে। প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে তার মা দুই সন্তানকে পুকুরে ডুবিয়ে হত্যা করেছে। বিস্তারিত তদন্তের পর বলা যাবে। এসআই সাখওয়াত জানান জিজ্ঞাসাবাদের জন্য মা মনিরা খাতুনকে আটক করা হয়েছে। উল্লেখ্য শনিবার ঝিনাইদহের মহেশপুরের বাকোসপোতা গ্রামে ৫ বছরের শিশু পুত্র রাব্বি হাসান রিফাতকে গলা টিপে শ^◌াসরোধ করে হত্যার পর মা রিফা খাতুন (২৬) গলায় রশি দিয়ে আত্নহত্যা করে। এ ঘটনার একদিন পর ঝিনাইদহ সদর থানায় দুই সন্তানকে পানিতে চুবিয়ে হত্যার ঘটনায় অপরাধ বিশেষজ্ঞদের কপালে ভাজ পড়েছে।

গত ২৪ ঘণ্টায় দেশে ২৫৪৫ জনের শনাক্ত, আরও ৪০ জনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে আরও ২৫৪৫ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ আরও ৪০ জনের মৃত্যু হয়েছে। এতে মোট আক্রান্তের সংখ্যা হয়েছে ৪৭ হাজার ১৫৩।

আজ রবিবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা এ তথ্য জানান।

দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪০ জনের প্রাণ কেড়ে নিয়েছে করোনা। এতে ভাইরাসটিতে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ৬৫০ জনে।

মেহেরপুরের গাংনীতে ঝড়ে ক্ষতিগ্রস্থ একটি পরিবার সহায়তা

মেহেরপুরের গাংনীতে ঝড়ে ক্ষতিগ্রস্থ একটি পরিবারের মাঝে টিন ও তিন হাজার টাকা মূল্যে চেক বিতরণ করা হয়েছে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয়ের ত্রাণ ও দূর্যোগ ব্যবস্থাপনা তহবিল থেকে এ সহায়তা দেয়া হয়।

আজ রোববার বেলা সাড়ে ১১টার দিকে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক এ টিন ও চেক বিতরণ করেন। সম্প্রতি আম্পান ঝড়ে বাড়ীর ক্ষয়-ক্ষতি হওয়ায় উপজেলার পাকুড়িয়া গ্রামের মৃত আহাম্মদ আলীর ছেলে আলহামদুকে এ টিন ও চেক দেয়া হয়।

এ সময় প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অফিসের কর্মকর্তা ও কর্মচারী ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় প্রথম করোনায় মৃত

ব্যক্তির লাশ দাফন

আলমডাঙ্গায় প্রথম করোনায় মৃত ব্যক্তি এবাদুল ইসলাম লাল মিয়ার
(৬০) লাশ দাফন করা হয়েছে। ৩১ মে রবিবার সকাল সাড়ে ১০ টায় পৌর জান্নাতুল বাকি কবরস্থানে পুলিশী প্রহরায় স্বাস্থ্যবিধি মেনে তাকে দাফন করা হয়।

মৃত এবাদুল ইসলাম লাল মিয়া আলমডাঙ্গার চাতাল মোড়ের মৃত আবুল হোসেনের ছেলে। তিনি দীর্ঘ ২৫ বছর আগে স্বপরিবারে আলমডাঙ্গা ছেড়ে ঢাকায় স্থায়ী বসবাস শুরু করেন। এবং ঢাকাতেই তিনি করোনায় আক্রান্ত হয়ে শনিবারে মারা যান।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর বলেন, ইসলামী ফাউন্ডেশনের সহায়তায় আজ সকালে লাশবাহি একটি এ্যাম্বুলেন্সে লাল মিয়ার মরদেহ আলমডাঙ্গায় পৌছে। উপজেলা নির্বাহী অফিসার লিটন আলীর উপস্থিতিতে প্রশাসনিক নিয়মকানুন মেনে তাকে পৌর জান্নাতুল বাকি কবরস্থানে দাফন করা হয়েছে।

জানা গেছে, ঢাকায় লাল মিয়া মারা গেলে সেখানে তার দাফনে বিড়ম্বনা দেখা দিলে পরিবারের লোকজন আলমডাঙ্গার আইলহাঁসে শ্বশুরবাড়িতে তাকে দাফন করার পরিকল্পনা করেন। কিন্ত আইলহাঁসেও বাঁধার সন্মুখিন হন। পরে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী পৌর জান্নাতুল বাকি কবরস্থানে তাকে দাফনের সিদ্ধান্ত নেন। পৌর জান্নাতুল বাকি মসজিদের ঈমাম জানাজা পড়ান।

দাফন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার লিটন আলী, থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর ও থানার সেকেন্ড অফিসার রফিকুল ইসলামসহ থানার একটি টিম।

গাংনীতে ধর্মচাকী প্রাথমিক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]